# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৬২৬

পর্ব-১৭: দণ্ডবিধি (كتاب الحدود)

পরিচ্ছেদঃ ৪. প্রথম অনুচ্ছেদ - দণ্ডপ্রাপ্ত ব্যক্তিকে বদ্দু‘আ না করা

بَابُ مَالَا يُدْعٰى عَلَى الْمَحْدُوْدِ

---

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: أَتَى النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِرَجُلٍ قَدْ شَرِبَ الْخَمْرَ فَقَالَ: «اضْرِبُوهُ» فَمِنَّا الضَّارِبُ بِيَدِهِ وَالضَّارِبُ بِنَعْلِهِ وَالضَّارِبُ بِثَوْبِهِ فَلَمَّا انْصَرَفَ قَالَ بَعْضُ الْقَوْمِ: أَخْزَاكَ اللَّهُ قَالَ: «لَا تَقُولُوا هَكَذَا لَا تُعِينُوا عَلَيْهِ الشَّيْطَانَ» . رَوَاهُ الْبُخَارِيُّ

বাংলা

৩৬২৬-[২] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদিন জনৈক ব্যক্তিকে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট আনা হলো, যে মদ পান করেছিল। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ তোমরা তাকে প্রহার করো। রাবী বলেনঃ তখন আমাদের মাঝে কেউ হাত দ্বারা, কেউ জুতার দ্বারা, আবার কেউ বা কাপড় (পেঁচিয়ে লাঠির মতো বানিয়ে তা) দ্বারা আঘাত করল। অতঃপর লোকটি যখন চলে গেল, তখন এক ব্যক্তি বলে উঠল, আল্লাহ তোমাকে লাঞ্ছিত করুক। তখন এটা শুনে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ এরূপ বলো না। তার ওপর শায়ত্বনকে সাহায্য করো না। (বুখারী)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ৬৭৭৭, আবূ দাঊদ ৪৪৭৭, আহমাদ ৭৯৮৫।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (لَا تَقُوْلُوْا هٰكَذَا لَا تُعِيْنُوْا عَلَيْهِ الشَّيْطَانَ) তোমরা তাকে এরূপ বলো না, তার প্রতি শায়ত্বনকে সাহায্য করো না। অন্য বর্ণনায় এসেছে, لَا تَكُونُوا عَوْنَ الشَّيْطَانِ عَلٰى أَخِيكُمْ তোমরা তোমাদের ভাইয়ের বিরুদ্ধে শায়ত্বনের সাহায্যকারী হয়ো না।

আর তাদের সাহায্য শায়ত্বনকে করার অর্থ হলো শায়ত্বন চায় তার পাপকাজ তাকে সৌন্দর্যম--ত করুক আর তা পাপীকে লাঞ্ছিত এর মাধ্যমে অর্জিত হয় আর যখন লোকেরা পাপীকে লাঞ্ছিত ও অপমানিত করে এতে শায়ত্বনের উদ্দেশ্য সফল হয়। আর আবূ দাউদে অতিরিক্ত হিসেবে এসেছে, وَلٰكِنْ قُولُوا اللّٰهُمَّ اغْفِرْ لَهُ اللّٰهُمَّ ارْحَمْهُ বরং তোমরা বলো, হে আল্লাহ! তাকে ক্ষমা করো এবং তার প্রতি দয়া কর। (ফাতহুল বারী ১২শ খন্ড, হাঃ ৬৭৭৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=68953

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন